ভোরের কাগজ

তারিখ ... 0·8 MAR. 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

# মৃত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেল, বাংলাদেশ পুলিশ ফোর্সের পুলিশ, নন-গেজেটেড পার্সোনেলসহ ক্ল্যারিক্যাল স্টাফ এবং সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত থেকে বেতন গ্রহণকারী সকল শ্রেণীর মৃত ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীর সন্তান-সন্ততিদেরকে ১৯৯৭-৯৮ অর্থবছর কল্যাণ তহবিল হতে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে।

ট্রেডিং করপোরেশন অফ বাংলাদেশ, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, বাংলাদেশ মেডিকেল রিসার্চ কাউন্সিল, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড, বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এসিসটেন্স সেন্টার (বিটাক) রপ্তানি উন্নয়ন ব্যুরো, পোর্ট অফ মংলা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যা জাদুঘর, ফার্মাসি কাউন্সিল অফ বাংলাদেশ, হাউজিং এন্ড বিল্ডিং রিচার্স ইনস্টিটিউট, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, অভ্যন্তরীণ নৌপরিবহন (নিয়োগ নিয়ন্ত্রক) বোর্ড, নিউক্লিয়ার এগ্রিকালচার ইনস্টিটিউট, ক্যাডেট কলেজসমূহ, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রসমূহ ও বাংলাদেশ ট্যারিফ কমিশন প্রভৃতি সংস্থার সকল শ্রেণীর মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী (যারা বোর্ড অফ ট্রাস্টিজ, সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী কল্যাণ তহবিল ও যৌথ বীমা তহবিলের অর্ডিন্যান্স, ১৯৮২ ও ১৯৮৭ সালে সংশোধিত অর্ডিন্যান্সের বিধান অনুযায়ী কল্যাণ ভাতা পাওয়ার যোগ্য)-এর সন্তান-সন্ততিদের জন্য এ আবেদন করা যাবে।

মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যেকের সর্বোচ্চ দুসন্তানের নামে নবম শ্রেণী হতে তদূর্ধ্ব শ্রেণী বা কোর্সে অধ্যয়নের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। প্রত্যেক ছাত্রছাত্রীকে বোর্ড অফ ট্রাস্টিজের কল্যাণ তহবিলের নির্ধারিত ফরমে শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে হবে। আবেদনপত্রের সঙ্গে ছাত্রছাত্রী যে শ্রেণীতে বা কোর্সে অধ্যয়নরত আছে তার পূর্ববর্তী শ্রেণীর বার্ষিক পরীক্ষার মার্কসিট (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ ও ছাত্রের নিজ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের স্বাক্ষর গ্রহণ করে সংশ্লিষ্ট মৃত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর অফিসের মাধ্যমে একটি ফরওয়ার্ডিং চিঠি মারফত আগামী ৩০ এপ্রিল মধ্যে 'প্রশাসনিক অফিসার, বোর্ড অফ ট্রাস্টিজ, কল্যাণ তহবিল উইং, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০' বরাবরে প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোনো শিক্ষাবৃত্তির আবেদনপত্র বিবেচনা করা হবে না।

সংশ্লিষ্ট ছাত্রছাত্রী বোর্ড অফ ট্রাস্টিজের কল্যাণ তহবিলের অফিস হতে ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে চার টাকার ডাক টিকিটসংবলিত ১০" X ৫" সাইজের খাম প্রেরণপূর্বক শিক্ষাবৃত্তির ফরম সংগ্রহ করতে পারবে। তথ্য বিবরণী।